

📖 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩৮৩৫

১৩. কিতাবুল হজ্ব (كتاب الحج)

পরিচ্ছেদঃ কোন কারণবশত সাফা ও মারওয়া পাহাড়ের মাঝে বাহনে চড়ে সাঈ করা যায় মর্মে বর্ণনা

ذَكَرُ الْإِبَاحَةَ لِلْمَرْءِ أَنْ يَرْكَبَ فِي السَّعْيِ بَيْنَ الصَّفَا وَالْمَرْوَةِ لِعَلَّةٍ تَحْدُثُ

আরবী

3835 - أَخْبَرَنَا الْحَسَنُ بْنُ سَفْيَانَ قَالَ: حَدَّثَنَا أَبُو كَامِلٍ الْجَحْدَرِيُّ قَالَ: حَدَّثَنَا عَبْدُ الْوَاحِدِ بْنُ زِيَادٍ قَالَ: حَدَّثَنَا الْجُرَيْرِيُّ عَنْ أَبِي الطُّفَيْلِ قَالَ: قُلْتُ لِابْنِ عَبَّاسٍ: أَرَأَيْتَ هَذَا الرَّمْلَ بِالْبَيْتِ ثَلَاثَةَ أَطْوَافٍ وَمَشَى أَرْبَعَةَ أَطْوَافٍ أَسَنَّةٌ هُوَ فَإِنَّ قَوْمَكَ يَزْعُمُونَ أَنَّهُ سَنَةٌ؟ فَقَالَ: صَدَقُوا وَكَذَبُوا قُلْتُ: مَا قَوْلُكَ صَدَقُوا وَكَذَبُوا؟ قَالَ: إِنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَدِمَ مَكَّةَ فَقَالَ الْمُشْرِكُونَ: إِنَّ مُحَمَّدًا وَأَصْحَابَهُ لَا يَسْتَطِيعُونَ أَنْ يَطَّوَّفُوا بِالْبَيْتِ مِنَ الْهَذَا قَالَ: وَكَانُوا يَحْسُدُونَهُ قَالَ: فَأَمَرَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أَنْ يَرْمُلُوا ثَلَاثًا وَيَمْشُوا أَرْبَعًا قَالَ: فَقُلْتُ لَهُ: أَخْبِرْنِي عَنِ الطَّوَافِ بَيْنَ الصَّفَا وَالْمَرْوَةِ رَاكِبًا سَنَةٌ هُوَ فَإِنَّ قَوْمَكَ يَزْعُمُونَ أَنَّهُ سَنَةٌ؟ قَالَ: صَدَقُوا وَكَذَبُوا قَالَ: قُلْتُ: مَا قَوْلُكَ: صَدَقُوا وَكَذَبُوا؟ قَالَ: إِنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ كَثُرَ عَلَيْهِ النَّاسُ يَقُولُونَ: هَذَا مُحَمَّدٌ هَذَا مُحَمَّدٌ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ حَتَّى خَرَجَتْ الْعَوَاتِقُ مِنَ الْبُيُوتِ قَالَ: وَكَانَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ لَا يَصْرِفُ النَّاسَ بَيْنَ يَدَيْهِ فَلَمَّا كَثُرَ عَلَيْهِ رُكْبٌ وَالْمَشْيُ وَالسَّعْيُ أَفْضَلَ.

الراوي : أَبُو الطُّفَيْلِ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات

الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 3835 | خلاصة حكم المحدث: صحيح - ((الإرواء)) (4/ 315):

م.

বাংলা

৩৮৩৫. আবুত তুফাইল থেকে বর্ণিত, তিনি বলেন, “আমি ইবনু আব্বাস রাদিয়াল্লাহু আনহুকে বলি, “বাইতুল্লায় তিন চক্র রমল করা আর বাকী চার চক্র স্বাভাবিকভাবে হেঁটে তাওয়াফ করার ব্যাপারে আপনার অভিমত কী? এটা কি সুন্নাত? কেননা নিশ্চয়ই আপনার কওমের লোকেরা বলছে যে, এটা সুন্নাত।” তখন তিনি বলেন, “তারা কিছু সত্য ও কিছু অসত্য কথা বলেছেন।” রাবী বলেন, বললাম, “তারা কিছু সত্য ও কিছু অসত্য কথা বলেছেন।” আপনার এই কথার মর্ম কী?” জবাবে তিনি বলেন, “নিশ্চয়ই আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম মক্কায় আগমন করেন আর তখন মুশরিকরা বলে, “নিশ্চয়ই আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম ও তাঁর সাহাবীগণ দুর্বলতার কারণে বাইতুল্লাহর তাওয়াফ করতে পারবে না।”

রাবী বলেন, “তারা আল্লাহর নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে হিংসা করতো। তখন রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম তাদেরকে তিন চক্র রমল করার (বীরদর্পে জোর কদমে হাঁটার) আর চার চক্র স্বাভাবিকভাবে হেঁটে তাওয়াফ করার নির্দেশ দেন।”

রাবী বলেন, “তারপর আমি তাকে বলি, আপনি আমাকে সাফা ও মারওয়া পাহাড়ের মাঝে বাহনে আরোহী অবস্থায় তাওয়াফ করা সম্পর্কে হাদীস বর্ণনা করুন। এটা কি সুন্নাত? কেননা আপনার সম্প্রদায়ের লোকজন বলছেন যে, এটা সুন্নাত।” তখন তিনি বলেন, “তারা কিছু সত্য ও কিছু অসত্য কথা বলেছেন।” রাবী বলেন, বললাম, “তারা কিছু সত্য ও কিছু অসত্য কথা বলেছেন।” আপনার এই কথার মর্ম কী?” জবাবে তিনি বলেন, “নিশ্চয়ই আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের কাছে প্রচুর লোক সমাগম হচ্ছিল। তারা বলছিলো, “ইনি মুহাম্মাদ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম। ইনি মুহাম্মাদ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম। এমনকি পর্দানশীন রমনীরাও ঘর থেকে বের হয়ে আসে।” আর আল্লাহর নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম লোকদেরকে সামনে থেকে সরিয়ে দিতেন না। যখন লোকদের সংখ্যা অনেক বেড়ে যায়, তখন তিনি বাহনে আরোহন করেন। অন্যথায় স্বাভাবিকভাবে হেঁটে ও দ্রুত গতিতে হেঁটে সাঈ করা উত্তম।”[1]

ফুটনোট

[1] সহীহ মুসলিম: ১২৬৪; মুসনাদ আহমাদ: ১/২৪৭; সুনান বাইহাকী: ৫/৮১-৮২; সহীহ ইবনু খুযাইমাহ: ২৭১৯।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (ইরওয়াউল গালীল: ৪/৩১৫)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি □ বর্ণনাকারীঃ আবুত্ব তুফায়ল (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=93174>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন